

আপনার ওষুধ ও চিকিৎসার সরঞ্জাম পাবার এক নতুন পদ্ধতি



ইলেকট্রনিক প্রেসক্রিপশন সার্ভিস (ইপিএস/EPs) হল এনএইচএস প্রদত্ত একটা সেবা। আপনার ওষুধ বা চিকিৎসার সরঞ্জাম সংগ্রহ করবার জন্য আপনারই বেছে নেওয়া কোনও স্থানে জিপি কিভাবে প্রেসক্রিপশন পাঠাবেন, এই সেবার মাধ্যমে সেই পদ্ধতি বদল করবার সুযোগ আপনি পাবেন।

আপনার জন্য তার অর্থ কি ?

- যদি আপনি আপনার রিপিট প্রেসক্রিপশন (যে ওষুধগুলি আপনাকে আগে দেওয়া হয়েছে সেইগুলি আবারও দেবার জন্য যে প্রেসক্রিপশন দেওয়া হয়ে থাকে) আপনার জিপি-র কাছ থেকে সংগ্রহ করে থাকেন, তাহলে সেই প্রেসক্রিপশনের কাগজ নেবার জন্য আপনাকে এখন থেকে আর জিপি-র প্র্যাকটিসে যেতে হবে না। তার বদলে আপনার জিপি ইলেকট্রনিক ব্যবস্থার মাধ্যমে আপনার বেছে নেওয়া যে কোনও জায়গায় সেটা পাঠিয়ে দেবেন, এতে আপনার সময় বাঁচবে।
- আপনি যেখানে বসবাস করেন, বা কাজ করেন অথবা যেখানে আপনি বাজার করেন তার কাছাকাছি যে কোনও একটা ফার্মেসী থেকে যাতে আপনি আপনার ওষুধ নিতে পারেন, সেটা বেছে নেবার জন্য আপনার আরও বেশি স্বাধীনতা থাকবে।
- আপনাকে হয়তো ফার্মেসীতে গিয়ে আগের মত অনেকক্ষণ অপেক্ষা করতে হবে না কারণ সেখানে পৌঁছবার আগে আপনার রিপিট প্রেসক্রিপশনের ওষুধগুলি তৈরি রাখার জন্য তাঁরা সময় পাবেন।

এটা কি আপনার জন্য যথোপযুক্ত সেবা ?

হ্যাঁ, যদি আপনার শরীর ও স্বাস্থ্য মোটামুটি ভালো থাকে এবং যদি আপনি :

- রিপিট প্রেসক্রিপশন সংগ্রহ করবার জন্য প্রতি বার জিপি-র প্র্যাকটিসে যেতে না চান।
- অধিকাংশ সময়ে একই জায়গা থেকে আপনার ওষুধগুলি সংগ্রহ করেন।
- বর্তমানে প্রেসক্রিপশন কালেকশন ব্যবস্থা ব্যবহার করে থাকেন।

না, যদি :

- আপনাকে ঘন ঘন প্রেসক্রিপশন আনতে যেতে না হয়।
- আপনি বিভিন্ন জায়গা থেকে আপনার ওষুধ সংগ্রহ করে থাকেন।
- প্রায়ই ভ্রমণ বা কাজের জন্য আপনাকে আপনার বাসা থেকে দূরে থাকতে হয়।

কি ভাবে আপনি ইপিএস ব্যবহার করতে পারবেন ?

আপনাকে একটা জায়গা বেছে নিতে হবে যেখানে আপনার জিপি প্র্যাকটিস থেকে ইলেকট্রনিক ব্যবস্থার মাধ্যমে প্রেসক্রিপশন পাঠানো হবে। একে বলা হবে 'নমিনেশন' বা মনোনয়ন। আপনি নিম্নলিখিতগুলির মধ্য থেকে যে কোনও একটা বেছে নিতে পারেন :

- কোনও একটা ফার্মেসী।
- আপনি কোনও সরঞ্জাম ব্যবহার করলে সেই সরঞ্জাম যাদের কাছে পাওয়া যায় সেই রকম কোনও ঠিকাদার (ডিস্পেন্সিং অ্যাপ্লায়েন্স কন্ট্রোলার)।
- আপনার জিপি প্র্যাকটিস (যদি আপনি সেই ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত বলে বিবেচিত হন)।

যাদের কাছে ইপিএস-এর ব্যবস্থা আছে এমন কোনও ফার্মেসীকে বা ডিস্পেন্সিং অ্যাপ্লায়েন্স কন্ট্রোলার-কে, অথবা আপনার জিপি প্র্যাকটিস-কে অনুরোধ করবেন যাতে তারা আপনার নমিনেশন গ্রহণ করে। এর জন্য আপনার কম্পিউটারের প্রয়োজন হবে না।

আমি কি আমার নমিনেশন বদল করতে পারি, বা সেটা বাতিল করে কাগজের প্রেসক্রিপশন নিতে পারি ?

হ্যাঁ, আপনি সেটা করতে পারেন। প্রেসক্রিপশন পাঠানোর জন্য ইলেকট্রনিক ব্যবস্থা ব্যবহার করতে না চাইলে আপনার জিপিকে সেই কথা জানাবেন। আপনার নমিনেশন বদল বা বাতিল করতে হলে যারা ইপিএস-এর ব্যবস্থা করতে পারে এমন কোনও ফার্মেসী বা ডিস্পেন্সিং অ্যাপ্লায়েন্স কন্ট্রোলার-এর সাথে, অথবা আপনার জিপি প্র্যাকটিস-এর সাথে কথা বলবেন। আপনার পরের প্রেসক্রিপশন নেবার দিন আসার আগেই তাদের সাথে কথা বলবেন, তা না হলে আপনার প্রেসক্রিপশন হয়তো ভুল জায়গায় চলে যাবে।

ইপিএস কি নির্ভরযোগ্য ও নিরাপদ এবং এতে কি গোপনীয়তা রক্ষা করা সম্ভব হবে ?

হ্যাঁ। জিপি প্র্যাকটিস ও ফার্মেসীর কর্মীরা, এনএইচএস-এর প্রেসক্রিপশনের দাম যারা নেন তাঁরা, এবং প্রতারকদের ধরবার জন্য যে প্রতিষ্ঠানগুলি কাজ করছে সেই প্রতিষ্ঠানের কর্মীরা এখন আপনার কাগজের প্রেসক্রিপশন দেখে থাকেন। ইলেকট্রনিক প্রেসক্রিপশনও সেই সকল ব্যক্তিরাই দেখবেন। কখনও কখনও একটা ডিসপেন্সারীর লোকেরা হয়তো দেখতে পাবে যে আপনি আরেকটা ডিসপেন্সারীকে বেছে নিয়েছেন। উদাহরণস্বরূপ, আপনি যদি ভুলে গিয়ে থাকেন কাকে আপনি বেছে নিয়েছিলেন এবং তাদের কাছে যদি সেই বিষয়ে জানতে চান, বা যদি আপনি একাধিক ডিসপেন্সারীকে মনোনয়ন করে থাকেন।

ইপিএস-এর বিষয়ে আরও তথ্য পেতে হলে আপনি www.hscic.gov.uk/eps ওয়েবসাইট-টা দেখবেন বা আপনার ফার্মেসী বা জিপি প্র্যাকটিসে সেই বিষয়ে জিজ্ঞাসা করবেন।